গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩- ৭২৮৮ তারিখঃ ০১.১২.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মির্জা আবু সাঈম (১২৫৩০২), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা গত ০৩.১০.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৮.০৫.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-৪২১নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

০১.১২.১৪
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ মির্জা আবু সাঈম (১২৫৩০২)
মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
ধামরাই, ঢাকা
(স্থায়ী ঠিকানাঃ- গ্রামঃ-মানশ্রী, ডাকঘরঃ- মাখান, উপজেলাঃ-মোহনগঞ্জ, জেলাঃ-নেত্রকোনা)
(যোগাযোগ ঠিকানাঃ- ৫১/এ/৩, পশ্চিম রাজাবাজার, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩- ৭২৮৯(৪) তারিখঃ ০১.১২.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। সিভিল সার্জন, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14)\Showcause\2nd showcase.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৪-৯২৭ তারিখঃ ০২.১২.২০১৪

## আদেশ

যেহেতু, ডাঃ অসীম কুমার দাস (১২১৭৮৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী গত ২৭.০৩.২০১৪ তারিখে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ২৯.০৯.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৪-৭৭২নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৭.১১.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, আবাসিক মেডিকেল অফিসার হিসেবে থাকার কারণে ২৬.০৩.২০১৪ তারিখ রাতের রোস্টার ডিউটি অনুযায়ী দায়িত্ব পালন করার পরও তিনি ২৭.০৩.২০১৪ তারিখে কর্মস্থলে উপস্থিত হয়ে দায়িত্ব পালন করেন। তিনি কখনও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন না। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার ২৭.০৩.২০১৪ তারিখের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ অসীম কুমার দাস (১২১৭৮৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

০২/১২/১৪
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৪-৯২৭/১(৯) তারিখঃ ০২.১২.২০১৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪। উপ-সচিব (পার-৩),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। সিভিল সার্জন, নোয়াখালী
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেগমগঞ্জ, নোয়াখালী
৯। ডাঃ অসীম কুমার দাস (১২১৭৮৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী

২/১২/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14)\Order (NI)\Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪- ৭২৮ তারিখঃ ০২.১২.২০১৪ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১.০৫.২০১৩ তারিখ হতে ৩০.০৬.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ০২.১১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪-৮৪৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭.১১.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি গত ০১.০৫.২০১৩ তারিখ হতে ০৩ বছরের জন্য লিয়েন মঞ্জুরের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন। কিন্তু সঠিক সময়ে লিয়েন মঞ্জুর না হওয়ার কারনে তিনি লিয়েন মঞ্জুর ব্যতিত যুক্তরাজ্য চলে যান এবং দেশে ফিরে গত ১৪.০৭.২০১৪ তারিখে চাকুরিতে যোগদান করে পুনরায় ভুতাপেক্ষ লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন। তিনি আরো জানান যে, তিনি চাকুরিতে নবীন এবং চাকুরীর সম্পর্কে প্রশাসনিক নিয়ম কানুন জানা না থাকা ও প্রশিক্ষণ না থাকায় এই ভুল হয়েছে। এটি তার অনিচ্ছাকৃত ভুল। তিনি তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন, অধিকন্তু তিনি ঐ সময়ে MRCP ডিগ্রি অর্জন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

০২/১২/১৪
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪- ৭২৮/১(৯) তারিখঃ০২.১২.২০১৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

০২/১২/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14)\Order (NI)\Minor Penalty.doc